# ধরনজী ইউপির ডিসেম্বর/১৯ মাসের ইউনিয়ন উন্নয়ন ও সমন্বয় সভার কার্যবিবরনী

সভাপতির নাম ঃ গোলাম মোস্তফা
চেয়ারম্যান, ধরনজী ইউপি, পাঁচবিবি, জয়পুরহাট,
স্থানঃ ইউপি কমপেক্স ভবন
তারিখঃ ৩০/১২/২০১৯ সময়ঃ বেলাঃ ১১.০০ টায়।

সভার উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক” তে দেখানো হলো।

সভাপতি সাহেব তার আসন গ্রহন পূর্বক উপস্থিত সকল সদস্যগন কে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর আলোচ্যসুচী অনুসারে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগঃ সভায় উপস্থিত উপ-সহকারী কৃষি অফিসার জানায় বর্তমানে তাদের কার্যক্রম ভালো চলিতেছে। তিনি আরো জানান অত্র ধরনজী ইউপিতে মোট ০৩ টি বক আছে সব মিলিয়ে আবাদী জমি মোট ২৪৮৮.০০ হেক্টর তৎমধ্যে রবিশষ্য লক্ষ্যমাত্রা ১৮২০.০০ হেক্টর। কৃষক মাঠ স্কুল ২টি চলমান আছে। তিনি রবি শষ্য (সরিষা,গম,আলু ইত্যাদি) রোপনের পূর্বে বীজ শোধনের সুষম সার প্রদানের পরামর্শ প্রদান করেন। তাছাড়া আগামী বোরো মৌসুমের জন্য উচ্চফলনশীল জাত এবং আদর্শ বীজতলা তৈরী পরামর্শ সভার মাধ্যমে প্রদান করেন। | আলোচনায় সীমাবদ্ধতার মাঝেও রবি মৌসুমের সকল ফসলের বীজ রোপনের পূর্বে সঠিক ভাবে শোধনের জন্য বোর রোপনের পূর্বে উচ্চ ফলনশীল ও সহনশীল জাত নির্বাচন এবং আদর্শ বীজতলায় বীজ ফেলানোর জন্য পরামর্শ প্রদান করা হইল এবং মাঠ স্কুলটি ভালে ভাবে পরিচালনার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হলো। | উপ-সহকারী কৃষি অফিসার , ইউ,পি ও কৃষক বৃন্দ। |
| ০২ | স্বাস্থ্য বিভাগঃ<br>সভায় স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি জানান যে, তাহাদের কার্যক্রম ভাল ভাবে চলিতেছে। কমিউনিটি ক্লিনিক গুলো তৃণমূল পর্যায়ে টিকা ও স্বাস্থ্য সেবা প্রদান করিতেছে, কমিউনিটি ক্লিনিকের প্রাচীর না থাকার কারণে নিরাপত্তা প্রদান নিশ্চিত হয় না। কমিউনিটি ক্লিনিকগুলোতে স্বল্প মূল্যে ডাইবেটিক্স পরিক্ষা চলিতেছে। সভায় সভাপতি সাহেব প্রতিটি শিশু জন্মে পর প্রথম টিকার সময় জন্ম নিবন্ধন ফরম পুরণ করিয়া ইউপিতে প্রদানের জন্য স্বাস্থ্য কর্মীদের অনুরোধ জানান। তিনি সভায় আরো জানায় বতর্মানে তার কর্মীগন পি সি ভি ও আই পি ভি ভ্যাকসিন প্রদান করিতেছে। | আলোচনান্তে সীমাবদ্ধতার মাঝেও তৃণমূল জনগনের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার এবং কৃমি নাশক ও ভিটামিন এ ক্যাপসুল ও বিভিন্ন প্রকারের ভ্যাকসিন প্রদানের পূর্বে জনসচেতনতার জন্য ব্যাপক প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | কমিউনিটি ক্লিনিক এর কর্তব্যরত ইনচার্জ ও ইউ,পি। |
| ০৩ | শিক্ষা বিভাগঃ<br>শিক্ষা বিভাগের প্রতিনীধি না থাকায় তাহাদের কোন তথ্য পাওয়া যায়নি। | নাই | শিক্ষা বিভাগ |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৪ | পরিবার পরিকল্পনাঃ পরিবার পরিকল্পনা প্রতিনিধি জানান যে, তাহাদের কার্যক্রম ভাল ভাবে চলিতেছে। মোট দম্পতির সংখ্যা ১৪২০। সেবার হার বর্তমানে অস্থায়ী ৭২.০০%। দীর্ঘ মেয়াদী সেবার হার ১৬.০০%। | ইউনিয়ন পরিবার পরিকল্পনা প্রতিনিধি তাহার কার্যক্রম অব্যাহত রাখবেন মর্মে সর্ব সম্মতিভাবে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা বিভাগ এবং ইউ,পি। |
| ০৫ | প্রকৌশলী বিভাগঃ<br>প্রকৌশলী বিভাগের প্রতিনীধি না থাকায় তাহাদের কোন তথ্য পাওয়া যায়নি। | নাই | এলজিইডি বিভাগ |
| ০৬ | প্রাণী সম্পদঃ<br>প্রাণী সম্পদ প্রতিনিধি জানান যে, তাহার কার্যক্রম ভাল ভাবে চলিতেছে। বাৎসরিক প্রজনন লক্ষ্যমাত্রা ১২০০ টি মাসিক লক্ষ্যমাত্রা ৪৯০টি যাহা অর্জিত হয়েছে। তিনি আরো জানাই বর্তমানে ধরনজী বাজারে তার অফিসে বাউন্ডারী ওয়াল নাই যাহা জরুরী প্রয়োজন। প্রজননের ট্রবিজটি নষ্ট হয়েছে ফ্রীজ না থাকার কারনে তরল সিমেন্সও বিভিন্ন ধরনের ভ্যাকসিন সংরক্ষনের অভাবে নষ্ট হয় । | বিস্তারিত আলোচনান্তে গবাদী প্রাণীকে টিকা প্রদান সহ প্রজনন কার্যক্রম অব্যাহত রাখতে হবে সিদ্ধান্ত গৃহিত হয় এবং আগামী উন্নয়ন বরাদ্দ থেকে প্রানিসম্পদের জন্য একটি প্রকল্প গ্রহন করে নিরাপত্তা প্রাচীর ও ট্রাবিজ ফ্রীজের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। | প্রাণি সম্পদ প্রতিনিধি এবং ইউ,পি। |
| ০৭ | মৎস বিভাগঃ<br>মৎস বিভাগের প্রতিনীধি জানান যে, তাহার কার্যক্রম ভাল ভাবে চলিতেছে। | বিস্তারিত আলোচনান্তে মৎস বিভাগের কার্যক্রম ভালো রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | মৎস বিভাগ ও ইউপি |
| ০৮ | সমাজসেবা বিভাগঃ সমাজসেবা বিভাগের প্রতিনিধি জানান নতুন বয়স্কভাতা, বিধবাভাতা, প্রতিবন্ধীভাতাবরাদ্দ হয়েছে। নিতিমালা মোতাবেক বাছাই করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে নতুন বয়স্কভাতা,বিধবাভাতা, প্রতিবন্ধীভাতা নিতিমালা মোতাবেক বাছাই করে দুস্থ্য অসহায় ব্যক্তিকে ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা বিভাগ ও ধরনজী ইউপি। |
| ০৯ | নিকাহ রেজিস্টার (কাজী)ঃ ইউপির নিয়োজিত নিকাহ রেজিস্টার জানায় তার কার্যক্রম ভালো চলিতেছে। বাল্য বিবাহ বন্ধের লক্ষ্যে তিনি জন্ম সনদ ছাড়া কোন বিবাহ রেজিষ্ট্রি করেন না বা ১৮ বৎসর বয়স না হলে তিনি বিবাহ রেজিঃ করে না। মোট রেজিঃ ১৫টি, বি তালাক ০৫টি, সি তালাক ০৩ টি, ডি তালাক ০২টি হয়েছে। তিনি সভায় প্রস্তাব করেন ইউপির প্রতিটি স্কুল মাদ্রাসায় বাল্য বিবাহের বিষয়ে আলোচনার প্রস্তাব করেন । | বিস্তারিত আলোচনান্তে বাল্য বিবাহ ও যৌতুক নিরোধে ভুমিকা রাখার জন্য সভার মাধ্যমে কাজীকে বলা হলো এবং বাল্য সম্পর্কে স্কুল কলেজ মাদ্রাসায় আলোচনার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের প্রধানকে নিয়ে আলোচনার জন্য স্থায়ী কমিটির সভাপতিকে সভার মাধ্যমে নির্দেশ প্রদান করা হলো | নিকাহ রেজিস্টার ও ধরনজী ইউপি |
| ১০ | ঈমাম সাহেব সভায় জানাই অত্র ধরনজী ইউপিতে মোট ৭৩টি মসজিদ আছে অথচ ইসলামি ফাউন্ডেশন কর্তৃক মসজিদ ভিত্তিক গন-শিক্ষা কার্যক্রম চলিতেছে মাত্র ০৫টি মসজিদে যাহা বৃদ্ধি করা একান্ত প্রয়োজন | সভায় বিস্তারিত আলোচনা অন্তে ধরনজী ইউনিয়নের ৭৩টি মসজিদ ইসলামি ফাউন্ডেশন কর্তৃক মসজিদ ভিত্তিক গন-শিক্ষা কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভার মাধ্যমে ইসলামি | ইসলামি ফাউন্ডেশন ও ইউপি |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | ফাউন্ডেশন উপজেলা অফিসের দৃষ্টি আকর্ষন করা হলো | |
| ১১ | বাজার ব্যবস্থাপনা কমিটি সদস্য সভায় অত্র ধরনজী ইউনিয়ন পরিষদের অধীন ধরনজী হাট-বাজার ও খাঙ্গইর হাট-বাজার রতনপুর হাট-বাজার দুটিতে পর্যাপ্ত সেড নাই ৩টি হাটের হাটসেড প্রয়োজন ড্রেনের ব্যবস্থা না থাকায় বর্ষার পানি জমে হাটে কাদা হয় পানিয় জল ও স্যানিটেশন ব্যবস্থা পর্যাপ্ত নাই। | সভায় বিস্তারিত আলোচনা অন্তে ইউনিয়নের হাটবাজার রক্ষনাবেক্ষ খাতের টাকা থেকে জরুরী ভিত্তিতে রতনপুর ও ধরনজী হাটের উলেখিত সমস্যা সমাধান কল্পে প্রকল্প গ্রহনের জন্য উপজেলা হাট বাজার রক্ষনাবেক্ষণ কমিটি সভাপতি ও সচিব মহোদয়ের নিকট অনুরোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো | উপজেলা প্রশাসন ও ধরনজী ইউপি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ ও পরবর্তী সভায় সকলকে উপস্থিত হওয়ার আহবান জানিয়ে সভার কাজ শেষ করেন।

(স্বাক্ষরিত)
সভাপতি
ও
চেয়ারম্যান
২নং ধরনজী ইউনিয়ন পরিষদ,
পাঁচবিবি, জয়পুরহাট।

স্বারক নং ধরনজী ইউপি/২০২০/১২ (৩৮)　　　তারিখ:১৮/০১/২০২০ খ্রিঃ।

**<u>অনুলিপিঃ সদয় অবগতি ও প্রযোজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলোঃ</u>**

১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
২। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি,জয়পুরহাট।
৩। উপ পরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট।
৪। ইউনিয়ন----------------------অফিস। ধরনজী ,পাঁচবিবি,জয়পুরহাট।
৫। জনাব-----------------------------------------------
৬। অফিস কপি।

(স্বাক্ষরিত)
চেয়ারম্যান
২নংধরনজী ইউনিয়ন পরিষদ,
পাঁচবিবি, জয়পুরহাট।